



বাগ্লি হত্যা বিচারের দাবিতে আরমানিটোলা স্কুলের ছাত্রছাত্রীরা বৃহস্পতিবার নগরীতে বিক্ষোভ মিছিল বের করে - সংবাদ

# বাগ্লি হত্যাকারীদের ফাঁসি দাবি

## □ পুরনো ঢাকায় দিনভর বিক্ষোভ, স্কুলছাত্রদের মিছিল

নিজের বার্তা পরিবেশক : পুরনো ঢাকার আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্র মো. রোহাঙ্গিন আহমেদ বাগ্লি হত্যাকারীদের ফাঁসির দাবিতে ওই স্কুলের ছাত্ররা নগরীতে বিক্ষোভ মিছিল করেছে।  
বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত

তারা এ মিছিল করে।  
স্কুল সূত্রে জানা গেছে, ছাত্রদের আবেদনের পরিপ্রেক্ষিতে গতকাল স্কুলের শিক্ষকরা দ্বিতীয় সাময়িক পরীক্ষা বন্ধ করে দেয়। এরপর প্রতীক্ষী শাখার ৫শ' ৪৯ জন ছাত্র ও দিবা শাখার ৮শ' ৯২ জন ছাত্রের অধিকাংশই রাতায় নেমে মিছিল করে।

পুরনো ঢাকার বিভিন্ন সড়ক ও কোর্ট ভবন এলাকা পদক্ষিপণে আতীত প্রেসক্রোবের সামনে গিয়ে মিছিল শেষ হয়।

মিছিলের সময় ছাত্রদের প্রোগান ছিল 'বাগ্লি হত্যাকারী সন্ত্রাসী পিগন, রিপন ও সনজিভের ফাঁসি চাই'। সন্ত্রাসীদের আত্মনা তুলিয়ে দাও পুড়িয়ে দাও। এছাড়াও পুরনো ঢাকার মেটাল ব্যবসায়ীরা গতকাল নগরীতে মিছিল করেছে।

বাগ্লির পরিবার সূত্রে জানা গেছে, বাগ্লি হত্যাকারীদের ফাঁসির দাবিতে বাগ্লির ছোট বোন হ্যাপিও গতকাল মিছিলে যোগ দিয়েছে।

এদিকে গতকাল সকাল থেকে বিকেল পর্যন্ত বাগ্লির বেচারাম দেউড়ির বাসায় ছিল স্বজন ও স্থানীয় সর্বস্তরের লোকজনদের ভিড়। ওই সময়ও বাগ্লির মা অজ্ঞান ছিল। মাঝেমাঝে জান কিরলেও আবার বাগ্লি বাগ্লি বলে কান্নাভিত্তি কণ্ঠে চিৎকার দিয়ে জান হারিয়ে ফেলেন।

স্থানীয় মেটাল ব্যবসায়ীরা বৃহস্পতিবার রাতে ফাঁসি : পৃঃ ২ কঃ ৫

### ফাঁসি : দাবি

(১ম পৃষ্ঠার পর)

এলাকায় বাগ্লি হত্যাকারীদের ফাঁসির দাবিতে পোস্টার লাগিয়েছেন।

আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আবদুল লতিফ হাওলাদার জানান, তাদের স্কুলে জরুরি নোটিশ দিয়ে নয়া নিয়ম চালু করা হয়েছে। নিরাপত্তার জন্য ছাত্রদেরকে অভিভাবকরাই স্কুলে পৌঁছে দিয়ে যাবেন। ছুটির পর অভিভাবকদেরই নিজ দায়িত্বে ছাত্রকে বাসায় নিয়ে যেতে হবে। স্কুল ছুটির আগে অভিভাবক ছাড়া কেউই গেটের বাইরে যেতে পারবে না।

স্কুলের শিক্ষক ও ছাত্ররা গতকাল স্কুলে শোকসভাও করেছে। তারা শোকসভা থেকে বাগ্লি হত্যাকারীদের বিচার ও শাস্তি দাবি করেছে।

বাগ্লির বাবা আলফু মিরা মোবাইল ফোনে এ প্রতিবেদককে জানান, গতকাল বিকেলে তাদের বাসায় বরাট্ট প্রতীমত্ৰী, আইজিপি, ডিএমপির পুলিশ কমিশনার গেছেন। তারা বাগ্লির বাবা-মাকে সান্ত্বনা ও ৭ দিনের মধ্যে বাগ্লি হত্যার চার্জশিট দেবে বলে জানান।